তারিখ ...
পৃষ্ঠা ২ কলাম ৫ ...

# নীল ও গোলাপী দল অংশ নেয়নি ॥ ঢাবি উপাচার্য প্যানেলে সাদা দলের তিন শিক্ষক বিনা প্রতিদ্বন্দ্বিতায় মনোনীত

**বিশ্ববিদ্যালয় রিপোর্টার** ॥ আওয়ামী লীগ সমর্থিত "নীল" এবং দল নিরপেক্ষ গোলাপী দলের শিক্ষকদের অংশগ্রহণ ছাড়াই ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্যানেল নির্বাচন অনুষ্ঠিত হয়েছে। নির্বাচনে বিএনপি ও জামায়াত সমর্থিত 'সাদা" দলের তিনজন শিক্ষক বিনা প্রতিদ্বন্দ্বিতায় উপাচার্য প্যানেলের জন্য মনোনীত হয়েছেন। উপাচার্য প্যানেলের জন্য মনোনীত সাদা দলের তিনজন শিক্ষক হলেন, বর্তমান উপাচার্য অধ্যাপক আনোয়ার উল্লাহ চৌধুরী, সামাজিক অনুষদের ডিন অধ্যাপক আসাদুজ্জামান এবং ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক আফম ইউসুফ হায়দার। সোমবার ঢাকা বিশ্ববিদ্যালয়ের বার্ষিক সিনেট অধিবেশনে এ নির্বাচন অনুষ্ঠিত হয়। এই তিনজনের মধ্য থেকে এক জনকে চ্যান্সেলর পরবর্তী চার বছরের জন্য উপাচার্য হিসাবে নিয়োগ দেবেন। এবারের নির্বাচনে কোন প্রতিদ্বন্দ্বী প্যানেল না থাকায় সাদা দলের এই তিনজন শিক্ষক বিনা প্রতিদ্বন্দ্বিতায় মনোনীত হন। সাদা দলের অধ্যাপক এসএমএ ফায়েজ এই তিন জনের নাম প্রস্তাব করলে সিনেটরদের সম্মতিক্রমে তাঁরা মনোনীত হন।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের সিনেটে সদস্যসংখ্যা ১০৪ জন থাকার কথা থাকলেও ২৫ জন রেজিস্টার্ড গ্র্যাজুয়েট প্রতিনিধি এবং ৫ জন ছাত্র প্রতিনিধি না থাকায় বর্তমানে এর সদস্যসংখ্যা ৭৪ জন। এর মধ্যে সোমবার সিনেট অধিবেশনে উপস্থিত ছিলেন ৬৫ জন। নীল দলের সিনেটররা উপস্থিত থাকলেও তাঁরা উপাচার্য প্যানেলে অংশগ্রহণ করেননি। তাঁরা সাবেক উপাচার্য অধ্যাপক একে আজাদ চৌধুরীকে ব্রিটিশ আমলের (১৮৯৭ সালের) জেনারেল ক্লজেস এ্যাক্ট আইনে অপসারণ এবং ২৫ জন রেজিস্টার্ড গ্র্যাজুয়েট প্রতিনিধি না থাকার কারণ দেখিয়ে নির্বাচনে অংশ নেননি। সিনেটে গত কয়েকদিন আগে ৫ জন অধ্যক্ষ এবং ১০ জন শিক্ষক প্রতিনিধি মনোনীত করা হয়। নীল দলের শিক্ষকরা এটিকে অনৈতিক এবং প্রথাবিরুদ্ধ কাজ বলে অবহিত করেন। গোলাপী দলের শিক্ষকরা এই নির্বাচনকে রাজনৈতিক নির্বাচন হিসাবে অবহিত করে নির্বাচন বর্জন করেন। বার্ষিক সিনেট অধিবেশনে সভাপতিত্ব করেন উপাচার্য অধ্যাপক আনোয়ার উল্লাহ চৌধুরী। জোট সরকার গত বছরের ১২ নবেম্বর অধ্যাপক আনোয়ার উল্লাহ চৌধুরীকে উপাচার্য হিসাবে নিয়োগ দেন। সাবেক উপাচার্যকে ব্রিটিশ আইনে অপসারণ করে তাঁকে নিয়োগ দেয়ায় বিতর্কের সৃষ্টি হয়। এই বিতর্ক এড়ানোর জন্যই এই নির্বাচন। জানা গেছে, অধ্যাপক আনোয়ার উল্লাহ চৌধুরীই পুনরায় উপাচার্য হচ্ছেন। আগামী দুই-একদিনের মধ্যেই তাঁকে আনুষ্ঠানিকভাবে নিয়োগ দেয়া হবে বলে জানা গেছে।